গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩-২৭৮ তারিখঃ ১৯/০৬/২০২২খ্রি

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | **কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০৩ জুলাই হতে ২৯ ডিসেম্বর, ২০২২), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৭০,<br>**৬৪টি জেলা (৭১টি কেন্দ্র) :**<br>ঢাকা-৬টি(মিরপুর-২টি,সোহরাওর্দী কলেজ সংলগ্ন-১টি, খিলগাঁও-১টি, বিজয় নগর-১টি, যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার-১টি), গাজীপুর-২টি(টংগী-১টি, জেলা কার্যালয়ে-১টি), চট্টগ্রাম-২টি (হালিশহর-১টি, হাজীক্যাম্প-১টি) এবং অবশিষ্ট ৬১টি জেলায় ৬১টি কেন্দ্র। | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৭ জুন, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০২. | **প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০৩ জুলাই হতে ২৯ ডিসেম্বর, ২০২২), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৫০,<br>৮টি বিভাগীয় শহরে মোট ৬টি কেন্দ্র<br>ঢাকা-২টি(মিরপুর-১টি, খিলগাঁও-১টি), চট্টগ্রাম-১টি, রাজশাহী-১টি, খুলনা-১টি ও বরিশাল-১টি। | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৭ জুন, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৩. | **ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০৩ জুলাই হতে ২৯ ডিসেম্বর, ২০২২), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**৬৪টি জেলায় ৬৫টি প্রশিক্ষণ কেন্দ্রঃ**<br>ঢাকা-২টি (মিরপুর-১টি ও সোহরাওর্দী কলেজ সংলগ্ন-১টি), এবং অবশিষ্ট ৬৩টি জেলায় ৬৩টি কেন্দ্র, মোট ৬৫টি কেন্দ্র। | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ জুন, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৪. | **ইলেকট্রনিক্স (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০৩ জুলাই হতে ২৯ ডিসেম্বর, ২০২২), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**৬৪টি জেলায় ৬৫টি প্রশিক্ষণ কেন্দ্রঃ**<br>ঢাকা-২টি(মিরপুর-১টি ও সোহরাওর্দী কলেজ সংলগ্ন-১টি), এবং অবশিষ্ট ৬৩টি জেলায় ৬৩টি কেন্দ্র, মোট ৬৫টি কেন্দ্র। | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ জুন, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৫. | **রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০৩ জুলাই হতে ২৯ ডিসেম্বর, ২০২২), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**৬৪টি জেলায় ৬৫টি প্রশিক্ষণ কেন্দ্রঃ**<br>ঢাকা-২টি(মিরপুর-১টি ও সোহরাওর্দী কলেজ সংলগ্ন-১টি), এবং অবশিষ্ট ৬৩টি জেলায় ৬৩টি কেন্দ্র, মোট ৬৫টি কেন্দ্র। | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ জুন, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৬. | **মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস(০৩ জুলাই হতে ২৯ ডিসেম্বর, ২০২২),<br>(প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৪০ জন)<br>**২৪টি জেলায় ৩০ টি কেন্দ্রঃ** ঢাকা-৪টি কেন্দ্র(সেগুনবাগিচা-৩টি ও যাত্রাবাড়ী-১টি), মাদারীপুর, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, রংপুর, দিনাজপুর, রাজশাহী-(২টি কেন্দ্র), চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, বগুড়া, খুলনা-২টি কেন্দ্র, যশোর, কুষ্টিয়া, সাতক্ষীরা, বরিশাল-(২টি কেন্দ্র), পিরোজপুর, পটুয়াখালী, চট্টগ্রাম, রাঙ্গামাটি, নোয়াখালী, কুমিল্লা ও ফেনী জেলা কার্যালয়। | ৫০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৮ জুন, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |

পাতা/২

১৯/৬/২২ ১৯/৬/২২

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০৭. | **"পোষাক তৈরি", (অনাবাসিক)**<br>মেয়াদ-০৩ মাস (০৩ জুলাই হতে ২৯ সেপ্টেম্বর, ২০২২),<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫<br>**৬৪ জেলায় ৭০টি কেন্দ্রঃ**<br>ঢাকা-৬টি (মিরপুর-১টি, সোহরাওয়ার্দী কলেজ সংলগ্ন-১টি, খিলগাঁও-১টি, গোপীবাগ-১টি, পল্টন-১টি ও গেন্ডারিয়া-১টি), গাজীপুর-২টি(টংগী-১টি ও জেলা কার্যালয়-১টি) এবং অবশিষ্ট ৬২টি জেলায় ৬২টি কেন্দ্র মোট ৭০টি কেন্দ্র। | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮ জুন, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৮. | **"ব্লক বাটিক ও স্ক্রিণ প্রিন্টিং", (অনাবাসিক)**<br>মেয়াদ-০৪ মাস (০৩ জুলাই হতে ৩১ অক্টোবর, ২০২২) (অনাবাসিক)<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫ জন<br>০৯টি কেন্দ্রঃ ঢাকা-৫টি(তাজমহল রোড-১টি, মিরপুর-১টি, খিলগাঁও-১টি, গোপীবাগ-১টি ও গেন্ডারিয়া-১টি),, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম ও খুলনা। | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৮ জুন, ২০২২ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৯. | **"গবাদিপশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্স, (আবাসিক)**<br>মেয়াদ-০৩ মাস (০৩ জুলাই হতে ২৯ সেপ্টেম্বর, ২০২২)<br>**৬৪টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র:**<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৬০<br>সাভার-ঢাকা এবং অবশিষ্ট ৬৩টি জেলায় ৬৩টি মোট ৬৪টি কেন্দ্র। | ১০০/- (জামানত ১০০/- ফেরত যোগ্য) | অষ্টম শ্রেণি পাস | ২৮ জুন, ২০২২ স্ব-স্ব উপজেলা কার্যালয় |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৬ জুন, ২০২২খ্রি. এবং প্রশিক্ষণ শুরু ০৩ জুলাই, ২০২২খ্রি.।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয়তা পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইত:পূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঙ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব উপপরিচালক/কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

চ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র ইউনিয়ন ডিজিটাল সেন্টার/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়ে দাখিল করতে পারবে।

ছ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগতে যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ)জাতীয়তা পরিচয়পত্র(যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।

জ) **দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে তাদের ভর্তির সুযোগ রয়েছে।**

ঝ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোনো প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

ঞ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ট) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

পাতা/৩

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

(ক) ০৯ নং ক্রমিকে বর্ণিত কোর্সটি আবাসিক ভাবে পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীগণকে প্রচলিত নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

(খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

(গ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

(ঘ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

(ঙ) প্রশিক্ষণকালীন সকরার নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

(চ) প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।

(ছ) তাত্বিক ক্লাশগুলো অনলাইন/সশরীরে এবং ব্যবহারিক ক্লাশগুলো সামাজিক দূরত্ব বজায় রেখে বিভিন্ন গ্রুপে বিভক্ত করে পরিচালনা করতে হবে।

(জ) ক্রমিক নং ১) কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন ও ২) প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন বিষয়ক কোর্স ব্যতিত সকল কোর্সের প্রশিক্ষণার্থীগন সরকারি বিধি মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ**

* উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ জেলা)
* কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র (নিজ জেলা)।
* উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ উপজেলা)।

২২.০৬.২০২২

(খোন্দকার মোঃ রুহুল আমীন)
(যুগ্মসচিব)
পরিচালক(প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩-২৭৯ তারিখ: ২২/০৬/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক/প্রকল্প পরিচালক---------------------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৪। যুগ্ম সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৫। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর -------------------------(সকল)জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য, প্রাণীসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, প্রাণীসম্পদ কার্যালয়, উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং তালিকাভূক্ত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীর মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no, ই-মেইল ঠিকানা ভর্তির সময় সংরক্ষণ করতে হবে।

০৬। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----------------------------(১০টি কেন্দ্র)।

০৭। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর-----------------------------(৪৪টি কেন্দ্র)।

০৮। প্রোগ্রামার, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুবউন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১০। অফিস কপি।

২২/০৬/২০২২

(মোঃ মোয়াজ্জেম হোসেন গাজী)
উপপরিচালক (প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।